Total No. of Printed Pages—7

**3 SEM FYUGP BNLC3B**

**2024**

( December )

# BENGALI

( Core )

Paper : BNLC3B

**( আধুনিক বাংলা নাট্যসাহিত্য )**

*Full Marks* : 60

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## প্রথম একক

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি কত সালে প্রকাশিত হয়?

(খ) রামনারায়ণ তর্করত্নের এক সামাজিক নাটকের নাম লেখ।

(গ) জাতীয় নাট্যশালা কত সালে প্রতিষ্ঠিত হয়?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) বাংলা নাটকে ও নাট্যমঞ্চে গেরাসিম লেবেডেফের অবদান লেখ।

(খ) বাংলা রঙ্গমঞ্চে অভিনেতা শিশির কুমার ভাদুড়ীর ভূমিকা উল্লেখ কর।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) বা[illegible]াট্যসাহিত্যে মাইকেল মধুসূদন দত্তের অবদান আলোচনা কর।

(খ) নাট্যকার, পরিচালক ও অভিনেতা গিরিশ চন্দ্র ঘোষের ভূমিকা উল্লেখ কর।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) বাংলা একাঙ্ক নাটকের সূচনা কোন্ নাট্যকারের হাত দিয়ে শুরু হয়েছিল?

(খ) বাদল সরকারের 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি কোন্ রীতিতে লেখা।

(গ) ভারতীয় গণনাট্য সংঘ (IPTA) কবে প্রতিষ্ঠিত হয়?





৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) নাট্যকার শম্ভুমিত্র-এর রচিত নাটকগুলি উল্লেখ করে তাঁর পরিচয় দাও।

(খ) নবনাট্য আন্দোলন বলতে কী বোঝায়? উদাহরণ দিয়ে বুঝিয়ে লেখ।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) বাংলা নাটকে নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান মূল্যায়ন কর।

(খ) নাট্যকার রবীন্দ্রনাথ ঠাকুর রচিত রূপক-সাংকেতিক নাটকগুলির একটি আলোচনা প্রস্তুত কর।

## তৃতীয় একক

( 'ক' অংশ অথবা 'খ' অংশ থেকে উত্তর দাও )

( ক—অংশ )

(জমিদার দর্পণ)

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) ১×২=২

(ক) 'জমিদার দর্পণ' নাটকটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(খ) 'হায়ওয়ান' শব্দটির অর্থ কী?

(গ) 'জমিদার দর্পণ' নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) প্রজা আবুমোল্লা চরিত্রটি বিশ্লেষণ কর।

(খ) নুরন্নেহারের মৃতদেহ যে ডাক্তার পোস্টমর্টেম করেছিল সেই ডাক্তারের নাম কী? নুরন্নেহারের মৃত্যুর কারণ সম্বন্ধে ডাক্তার যে রিপোর্ট দিয়েছিল তা বর্ণনা কর।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'জমিদার দর্পণ' নাটকের নামকরণের সার্থকতা বিচার কর।

(খ) 'জমিদার দর্পণ' নাটকের জমিদার হায়ওয়ান আলী শুধু প্রজাদের শোষণ-পীড়ন করেননি, নারীদের উপর শারীরিক অত্যাচার ও লাঞ্ছনা এমনকি খুন-ধর্ষণ করতেও দ্বিধা বোধ করেননি। আলোচনা কর।

*অথবা*

(খ—অংশ)

(সাজাহান)

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'সাজাহান' নাটকটি নাট্যকার কাকে উৎসর্গ করেন?

(খ) সম্রাট সাজাহানের জ্যেষ্ঠপুত্রের নাম কী?

(গ) মোরাদ কোথায় রাজত্ব করতেন?





১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) পিয়ারা চরিত্রটির গুরুত্ব কতখানি তা আলোচনা কর।

(খ) দিলদার খাঁ চরিত্রটির ভূমিকা আলোচনা কর।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) "আমার হৃদয় এক শাসন জানে, তা শুধু স্নেহের শাসন।" উক্তিটি কার? এই উক্তির আধারে তাঁর চরিত্রটি আলোচনা কর।

(খ) 'সাজাহান' নাটকে ঔরঙ্গজেবের চরিত্রটি বিশ্লেষণ কর।

চতুর্থ একক

( 'ক' অংশ অথবা 'খ' অংশ থেকে উত্তর দাও )

ক—অংশ

( বিসর্জন )

১৩। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'বিসর্জন' নাটকটি কত সালে রচিত হয়েছিল?

(খ) জয়সিংহের মৃত্যু কীভাবে হয়েছিল?

(গ) ত্রিপুরেশ্বরীর মন্দিরে চিরাগত বলিদানের প্রথা বজায় রাখতে কে দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) মহারাণী গুণবতী চরিত্রটি সংক্ষেপে বর্ণনা কর।

(খ) "ছি, ছি, ভক্তিপিপাসিতা মাতা, তাঁরে বলো রক্তপিপাসিনী।" সংলাপটি কে, কাকে, কি প্রসঙ্গে বলেছে তা লেখ।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'বিসর্জন' নাটকে যে মানব-প্রণীত আচার-বিধির নৃশংসতার বিরুদ্ধে মানবচিত্তের বেদনার্ত আর্তি প্রকাশ পেয়েছে তা আলোচনা কর।

(খ) "রঘুপতি রাজাকে গুপ্তহত্যা করিতে বা প্রজাদিগকে বিদ্রোহী করিতে চেষ্টা করিয়াছিলেন; কিন্তু তাহা নিজের স্বার্থসিদ্ধির জন্য নহে, তিনি যে প্রথাকে সত্য ও ধর্ম বলিয়া মনে করিয়াছিলেন তাহারই সমর্থনের জন্য তিনি ঐ উপায় অবলম্বন করিতে বাধ্য হইয়াছিলেন।" উক্তিটির আলোকে রঘুপতি চরিত্রটি বিশ্লেষণ কর।

*অথবা*

(খ—অংশ)

( নবান্ন )

১৬। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'নবান্ন' নাটকটি কত সালে প্রকাশিত হয়?

(খ) কুঞ্জের ছেলের নাম কী?





(গ) "(কুকুরের প্রতি) ভারি পাজি কুকুরতো। কামড়ে দিলে গা। (কুকুরকে) দূর হারামজাদা, লক্ষ্মীছাড়া কুকুর। ঝাঁটা মারো মুখে, ঝাঁটা মারো।" সংলাপটি কার?

১৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) কালীধন ধারা চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(খ) মাখন কে? নাটকে এই চরিত্রের প্রয়োজনীয়তা কী?

১৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'নবান্ন' নাটকের নামকরণের তাৎপর্য আলোচনা কর।

(খ) "চল্লিশের দশকে গ্রামের একজন সম্ভ্রান্ত কৃষক যার তিনটি গোলা ভর্তি ধান সর্বদা মজুত থাকত কিন্তু সেই সময় প্রাকৃতিক বিপর্যয় ও মানুষের কৃত্রিম সৃষ্টি কালোবাজারির দ্বারা সেই গোলার ধানকে নষ্ট করে ফেলা হয় এবং তার সাথে সাথে দুই যুবক পুত্রের মৃত্যু —প্রধান সমাদ্দারকে গ্রাম ছেড়ে শহরাভিমুখী করে তোলে।" এই মন্তব্যটির ভিত্তিতে প্রধান সমাদ্দার চরত্রটি ব্যাখ্যা কর।

★★★